দৈনিক ইনকিলাব

তারিখ ... ... ... MAR. 0 3 2003
পৃষ্ঠা ২ ... কলাম ৭ ......

27

# ঢাঃ বিঃ অনার্স ১ম বর্ষের ভর্তি ফরমের বর্ধিত মূল্য ঘিরে ক্যাম্পাস অশান্ত

বিশ্ববিদ্যালয় রিপোর্টার ঃ ঢাকা বিশ্ববিদ্যালয়ের অনার্স ১ম বর্ষের ভর্তি ফরমের বর্ধিত মূল্যকে কেন্দ্র করে ক্যাম্পাস অশান্ত হয়ে উঠেছে। ভর্তি ফরমের বর্ধিত মূল্য প্রত্যাহারের দাবীতে বাম ছাত্র সংগঠনসমূহ গতকাল (রবিবার) বিশ্ববিদ্যালয়ের ব্যাংকগুলো অবরোধ করলে কয়েক দফা ভর্তি ফরম বিতরণ বন্ধ থাকে। এতে দূর-দূরান্ত থেকে আগত ভর্তিচ্ছু ছাত্র-ছাত্রীরাও বিপাকে পড়ে।

গতকাল সকাল ৯টা থেকেই টিএসসি জনতা ব্যাংক, প্রশাসনিক ভবন সোনালী ব্যাংক এবং কার্জন হল অগ্রণী ব্যাংক শাখা

৩-এর পাতায় দেখুন

## ক্যাম্পাস অশান্ত

প্রথম পৃষ্ঠার পর

থেকে ৪টি ইউনিটের ভর্তি ফরম বিতরণ শুরু হয়। কিন্তু ভর্তি ফরমের বর্ধিত মূল্য প্রত্যাহারের দাবীতে বাম ছাত্র সংগঠনসমূহ পূর্ব ঘোষিত কর্মসূচী অনুযায়ী ব্যাংকগুলো অবরোধ করে। অবরোধকারীরা এ সময় ব্যাংক কর্মকর্তা -কর্মচারীদের হুমকি ও ফরম বিতরণ করতে বাধা দেয়। ফলে ব্যাংকগুলো ফরম বিতরণ বন্ধ রাখে। বেলা সাড়ে ১১টার দিকে বাম ছাত্র সংগঠনের নেতা-কর্মীরা টিএসসি ব্যাংকে তালাবদ্ধ করে ব্যাংকের সামনে অবস্থান করতে থাকলে বিশ্ববিদ্যালয়ের প্রো-ভিসি প্রফেসর শাহাদত আলী, ট্রেজারার প্রফেসর আবুল হাশেম, প্রক্টর প্রফেসর এ কে এম নূর-উন-নবী এবং কলা অনুষদের ডীন ডঃ কাজী শহীদুল্লাহ টিএসসিতে আসেন। তাদের সাথে কাজল, হেমায়েত, দেলোয়ার, আলমগীরের নেতৃত্বে ছাত্রলীগ কর্মীরাও ব্যাংকের সামনে আসেন। এক পর্যায়ে ছাত্রলীগ কর্মীরা বাম ছাত্র সংগঠনের নেতাকর্মীদের ওপর আক্রমণ করে জোরপূর্বক তাদেরকে ব্যাংকের সামনে থেকে সরিয়ে দেয় এবং তালা ভেঙ্গে ব্যাংকের গেট খুলে ফেলে। প্রো-ভিসিও এ সময় মারমুখো ভূমিকায় অবতীর্ণ হয়ে অবরোধকারীদের ব্যানার ছিঁড়ে ফেলেন। এ ঘটনায় ছাত্র ইউনিয়নের সভাপতি মঞ্জুর-এ-খোদা টরিক ও জনর্ধন দত্ত নান্টু আহত হন। পরে বাম ছাত্র সংগঠনগুলো এ হামলার প্রতিবাদে টিএসসিতে সমাবেশ করে। বক্তারা আজ সোমবার ভিসি ভবন ঘেরাও করে স্মারকলিপি পেশের কর্মসূচী ঘোষণা করে।

এছাড়া কার্জন হল অগ্রণী ব্যাংক ও প্রশাসনিক ভবন সোনালী ব্যাংকেও অবরোধের মুখে কয়েক দফা ফরম বিতরণ বন্ধ থাকে। কিন্তু কর্তৃপক্ষের হস্তক্ষেপের ফলে এ দুটো ব্যাংকের পুনরায় ফরম বিতরণ শুরু করা হয়। গতকাল 'ক'